সমকাল

তারিখ : 11 JUL 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৪

# নর্থ সাউথের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে : নাসিম

■ সমকাল প্রতিবেদক



আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, গুলশানের সন্ত্রাসী হামলার মতো শোলাকিয়ায় ঈদ জামাতের মাঠের কাছে পুলিশের ওপর হামলার ঘটনায় নিহত যুবকও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী। সেখানে কী শিক্ষা দেওয়া হচ্ছে, কী লেখাপড়া শেখানো হচ্ছে? সেখানে খুন করার শিক্ষা দেওয়া হচ্ছে? এর বিরুদ্ধে আমরা অবশ্যই

■ পৃষ্ঠা ১১ : কলাম ৪

# নর্থ সাউথের বিরুদ্ধে ব্যবস্থা

[১৫ পৃষ্ঠার পর]

ব্যবস্থা নেব। গতকাল রোববার রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউর কেন্দ্রীয় কার্যালয়ে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ আওয়ামী লীগের যৌথ সভায় মোহাম্মদ নাসিম এ কথা বলেন। কেন্দ্রীয় শহীদ মিনারে আজ সোমবার অনুষ্ঠেয় ১৪ দলের প্রতিরোধ সমাবেশ সফল করতে এ সভার আয়োজন করা হয়। নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে লেখাপড়ার পরিবর্তে মানুষ খুনের শিক্ষা দেওয়া হচ্ছে কি-না সভায় এমন প্রশ্ন তুলে বেসরকারি এ শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা জানান স্বাস্থ্যমন্ত্রী।

১৪ দলের মুখপাত্র মোহাম্মদ নাসিম আরও বলেন, টুপি ও পাঞ্জাবি পরে মানুষ হত্যা কোন ধর্ম? ধর্মের নামে একাত্তরের পরাজিত শক্তি এসব ঘটনা ঘটাচ্ছে। বিএনপি-জামায়াত আগুন দিয়ে মানুষ হত্যা করে সরকার উৎখাতে ব্যর্থ হয়ে এখন আবার নতুন খেলায় নেমেছে। প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী দেশের প্রতিটি পাড়া-মহল্লায় সন্ত্রাসবিরোধী কমিটি গঠনের আহ্বান জানিয়ে তিনি বলেন, তবে এই কমিটি যেন কেবল আওয়ামী লীগের না হয়, সেদিকে খেয়াল রাখতে হবে। প্রয়োজনে কমিটির প্রধান হিসেবে মসজিদের ইমাম, স্কুলের শিক্ষকসহ সর্বসাধারণকে রাখতে হবে।

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ বলেন, গুলশান ও শোলাকিয়ার হত্যাকাণ্ড আন্তর্জাতিক সমস্যা হয়ে থাকলে এটি আন্তর্জাতিকভাবে সমাধান করতে হবে। আর যদি আমাদের জাতীয় সমস্যা হয়ে থাকে, তাহলে জাতীয়ভাবেই সমাধান করতে হবে'।

ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের সভাপতি আবুল হাসনাতের সভাপতিত্বে সভায় আরও বক্তব্য রাখেন ড. আবদুর রাজ্জাক, লে. কর্নেল (অব.) ফারুক খান, অ্যাডভোকেট কামরুল ইসলাম, শাহে আলম মুরাদ প্রমুখ।

**যুবলীগের বর্ধিত সভা :** ১৪ দলের প্রতিরোধ সমাবেশ এবং আগামী ১৩ জুলাই সংগঠনের জঙ্গি ও সন্ত্রাসবাদবিরোধী যুব মহাসমাবেশ সফল করতে গতকাল বর্ধিত সভা করেছে যুবলীগ ঢাকা মহানগর দক্ষিণ। বঙ্গবন্ধু এভিনিউর কেন্দ্রীয় কার্যালয়ে নগর দক্ষিণ যুবলীগ সভাপতি ইসমাইল চৌধুরী সম্রাটের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন ওমর ফারুক চৌধুরী; হারুনুর রশীদ, শহীদ সেরনিয়াবাত, মিজানুল ইসলাম মিজু, মনিরুল ইসলাম হাওলাদার, রেজাউল করিম রেজা প্রমুখ। সভা থেকে জঙ্গিবাদের বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টি করতে যুবলীগের উদ্যোগে ১৬ জুলাই দেশের সব উপজেলা এবং ২০ জুলাই সব জেলা শহরে জঙ্গিবাদবিরোধী সমাবেশের কর্মসূচি ঘোষণা করা হয়। এ সময় নগর দক্ষিণ যুবলীগের উদ্যোগে জঙ্গি ও সন্ত্রাসবাদবিরোধী প্রচার কার্যক্রমের উদ্বোধন করা হয়।